



## জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে কলেজ শিক্ষকদেরকে অগ্রাধিকার দেওয়ার সিদ্ধান্ত

রেজানুর রহমান II জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স, মাস্টার্স ও ডিগ্রী পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে কলেজ শিক্ষকদের অগ্রাধিকার দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। এই সিদ্ধান্তের আওতায় এখন অভিজ্ঞ কলেজ শিক্ষকরাই

প্রথম পরীক্ষক হিসাবে দায়িত্ব পালন করিবেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর দুর্গাদাস ভট্টাচার্য গতকাল (ভক্রবার) শিক্ষার মান উন্নয়ন সংক্রান্ত এক কর্মশালায় এই সিদ্ধান্ত ঘোষণা করিয়াছেন।  
(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## জাতীয় বিশ্ববিদ্যালয় (শেষ পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়ের নগর কার্যালয়ে অনুষ্ঠিত এই কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ঢাকা, নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর জেলার বিভিন্ন কলেজের ৫১ জন অধ্যক্ষ অংশ নেন। কর্মশালায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম বিশেষ করিয়া শ্রেণীকক্ষে পাঠদান, নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ, সঠিক সময়ের মধ্যে ফল প্রকাশসহ শিক্ষার মান উন্নয়ন সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়সমূহ স্থান পায়। কর্মশালায় মাঝে মাঝে বিভিন্ন পরীক্ষার ফল প্রকাশের ক্ষেত্রে বিলম্বের কারণ হিসাবে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের কতিপয় পরীক্ষকের গাফিলতি, অমনোযোগিতাকে দায়ী করা হয়। প্রসঙ্গক্রমে বিশ্ববিদ্যালয়ের ভিসি বলেন, এখন হইতে কলেজের অভিজ্ঞ শিক্ষকরা পরীক্ষক হিসাবে মূল দায়িত্ব পালন করিবেন। ইহার জন্য ওএমআর পদ্ধতিতে বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ শিক্ষকদের সম্পূর্ণ প্রোফাইল প্রস্তুত ও সংরক্ষণ করার উদ্যোগ নেওয়া হইয়াছে। ভিসি প্রফেসর দুর্গাদাস ভট্টাচার্য বলেন, উচ্চতর শিক্ষার সমন্বয় সাধনই জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল কাজ এবং প্রশাসনের মূল কেন্দ্রবিন্দু হইল ইহার অধিভুক্ত কলেজ। কাজেই কলেজগুলিকে বিশ্ববিদ্যালয়ের নিজের প্রতিষ্ঠান হিসাবে গুরুত্ব দিতে পারিলে বিরাজমান বিভিন্ন সমস্যা দূরীকরণ সহজতর হইবে। অধ্যক্ষদের উদ্দেশে ভিসি বলেন, বর্তমানে ডিগ্রী (পাস), অনার্স-পার্ট-১, অনার্স-পার্ট-২ পর্যায়ের পরীক্ষায় কোন সেশনজট নাই। অন্যান্য পরীক্ষার ক্ষেত্রেও সেশনজট দূর করিতে হইবে। ইহার জন্য সকলের আন্তরিকতা জরুরী। কর্মশালায় মুন্সিগঞ্জের গজারিয়া সরকারী কলেজের অধ্যক্ষ মোঃ আলী আকবর খান, নারায়ণগঞ্জের সরকারী তোলারাম কলেজের অধ্যক্ষ গৌরাস প্রসাদ সাহা, গাজীপুরের কাজী আজিমুদ্দীন কলেজের অধ্যক্ষ হাসান ওয়ায়েজ, আড়াইহাজার সরকারী সফর আলী কলেজের অধ্যক্ষ কুমারেশচন্দ্র প্রামাণিক, নরসিংদী সরকারী কলেজের অধ্যক্ষ জিতেন্দ্রলাল বড়ুয়া, মুন্সিগঞ্জের সরকারী শ্রীনগর কলেজের অধ্যক্ষ মিসেস গুলনাহার জামান, সাভার কলেজের অধ্যক্ষ মোঃ ইলিয়াস খান, ভাওয়াল মির্জাপুর কলেজের প্রতিনিধি মোঃ এনামুল হক, ধামরাই সরকারী কলেজের অধ্যক্ষ দিলারা হাফিজ প্রমুখ শিক্ষা সংক্রান্ত বিভিন্ন সমস্যা নিয়া আলোচনা করেন।